# আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুহু
# বিসমিল্লাহির রহমাহির রহীম

**আজকের আলোচনার বিষয়বস্তু:** ভূমিকম্প (Earthquakes) কুরআন ও হাদিসের দৃষ্টিতে।

আজ ১৮ই ফেব্রুয়ারি, ২০২৩ সালের ৬ই ফেব্রুয়ারি ভোর রাতে তুরস্কের দক্ষিনাঞ্চল এবং লাগোয়া সিরিয়ার উত্তরাঞ্চলে ভয়াবহ ভূমিকম্প হয়েছে। আজ পর্যন্ত মৃত্যুর সংখ্যা ৪৮০০০ ছাড়িয়ে গিয়েছে। এর পাঁচগুণ আহত হয়েছে। প্রায় ৪ লক্ষ ঘরবাড়ি সম্পুর্ণ অথবা আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। সারা বিশ্ব শত্রু-মিত্র এক হয়ে উদ্ধার কার্য এবং আহত ও বেঁচে যাওয়া মানুষের সহায়তায় এগিয়ে এসেছে। প্রচন্ড ঠান্ডা ও বৃষ্টিপাতের কারণে এ সমস্ত কাজ বাধাগ্রস্থ হচ্ছে।

বৈজ্ঞানিকরা বলেছেন প্রতিবছর পৃথিবীতে প্রায় ১ মিলিয়ন বার ভূমিকম্প হয়। অর্থাৎ প্রতি দিন প্রায় ২৭৩৮ বার। এগুলো অতি মৃদু, মৃদু, মাঝারি, ভয়ঙ্কর ইত্যাদি। ৬ই ফেব্রুয়ারি তুরস্কের ভূমিকম্প রিখটার (Richter) **স্কেলে ৭.৮**। এটা অত্যন্ত ভয়াবহ। এই স্কেলে ৫৬৪৩০০০ মেট্রিকটন TNT energy release হয়।

আজ পর্যন্ত ভূমিকম্পের পূর্বাভাস দেয়ার তথ আবিষ্কৃত হয় নি, সুতরাং ভূমিকম্প অতর্কিত আপতিত হয়. এটা স্রষ্টার ইচ্ছায় হয়, মানুষকে সতর্ক করার জন্য। মানুষ যেন সৎপথে ফিরে আসে।

পবিত্র কোরআনে زِلْزَالٌ শব্দের অর্থ ভুমিকম্প। আল্লাহ তায়ালা পবিত্র কোরআনে زُلْزِلُ , زِلْزَالْ এবং زِلْزَلَة শব্দ তিনটি ৪টি আয়াতে ছয় বার ব্যবহার করেছেন. আয়াতগুলো হচ্ছে ২২:১, ৯৯:১ ২:২১৪, এবং ৩১:১১, আয়াতে মুমিনদের অন্তর কেঁপে উঠেছিল সেটাকে বুঝানোর জন্যে زُلْزِلُوا , زِلْزِلًا শব্দ ব্যবহার করা হয়েছে।

কেয়ামতের ভূকম্পন বুঝানোর জন্য ২২:১,২ আয়াত। সূরা জিলজাল ৯৯:১ থেকে ৮ আয়াতে আল্লাহ তায়ালা কিয়ামত ও বিচারের দৃশ্য বর্ণনা করেছেন। কেয়ামতের ভু-কম্পন অনেক অনেক ভয়ংকর হবে। পুরো পৃথিবীই ধ্বংসপ্রাপ্ত হবে। কোনো প্রাণীই বেঁচে থাকবে না। পৃথিবীর ভু-কম্পন সম্পর্কে নিম্নলিখিত আয়াতগুলো মেহেরবানী করে বার বার তেলাওয়াত করুন, অর্থ বুঝুন এবং অনুধাবন করুন।

قَدْ مَكَرَ الَّذِينَ مِن قَبْلِهِمْ فَأَتَى اللَّهُ بُنْيَـٰنَهُم مِّنَ الْقَوَاعِدِ فَخَرَّ عَلَيْهِمُ السَّقْفُ مِن فَوْقِهِمْ وَأَتَـٰهُمُ الْعَذَابُ مِنْ حَيْثُ لَا يَشْعُرُونَ

**তাদের পূর্ববর্তীরাও চক্রান্ত করেছিল। আল্লাহ তাদের ইমারাতের ভিত্তিমূলে আঘাত করেছিলেন; ফলে ইমারাতের ছাদ তাদের উপর ধবসে পড়ল এবং তাদের প্রতি শাস্তি নেমে এলো এমন দিক হতে যা ছিল তাদের ধারনার বাহির। (১৬:২৬)**

**Click here: [http://www.morningbrightness.fi/](http://www.morningbrightness.fi/)**

**Click here: [https://www.youtube.com/@morningbrightness603](https://www.youtube.com/@morningbrightness603)**

أَفَأَمِنَ الَّذِينَ مَكَرُواْ السَّيِّـَٔاتِ أَن يَخْسِفَ اللَّهُ بِهِمُ الْأَرْضَ أَوْ يَأْتِيَهُمُ الْعَذَابُ مِنْ حَيْثُ لَا يَشْعُرُونَ

যারা দুস্কর্মের ষড়যন্ত্র করে তারা কি এ বিষয়ে নিশ্চিত যে, আল্লাহ তাদেরকে ভূ-গর্ভে বিলীন করবেন না, অথবা এমন দিক হতে শাস্তি আসবে না যা তাদের ধারণাতীত? (১৬:৪৫)

أَفَأَمِنتُمْ أَن يَخْسِفَ بِكُمْ جَانِبَ الْبَرِّ أَوْ يُرْسِلَ عَلَيْكُمْ حَاصِبًا ثُمَّ لَا تَجِدُواْ لَكُمْ وَكِيلًا

তোমরা কি নিশ্চিত আছ যে, তিনি তোমাদেরকে স্থলে কোথাও ভূ-গর্ভস্থ করবেননা অথবা তোমাদের উপর কংকর বর্ষণ করবেননা? তখন তোমরা তোমাদের কোন কর্ম বিধায়ক পাবেনা। ১৭:৬৮

فَكُلًّا أَخَذْنَا بِذَنۢبِهِۦ فَمِنْهُم مَّنْ أَرْسَلْنَا عَلَيْهِ حَاصِبًا وَمِنْهُم مَّنْ أَخَذَتْهُ الصَّيْحَةُ وَمِنْهُم مَّنْ خَسَفْنَا بِهِ الْأَرْضَ وَمِنْهُم مَّنْ أَغْرَقْنَا وَمَا كَانَ اللَّهُ لِيَظْلِمَهُمْ وَلَـٰكِن كَانُوٓاْ أَنفُسَهُمْ يَظْلِمُونَ

তাদের প্রত্যেককেই তাদের অপরাধের জন্য শাস্তি দিয়েছিলাম; তাদের কারও প্রতি প্রেরণ করেছি প্রস্তরসহ প্রচন্ড ঝটিকা, তাদের কেহকে আঘাত করেছিল মহানাদ, কেহকে আমি প্রোথিত করেছিলাম ভূ-গর্ভে এবং কেহকে করেছিলাম নিমজ্জিত। আল্লাহ তাদের প্রতি কোন যুল্ম করেননি; তারা নিজেরাই নিজেদের প্রতি যুল্ম করেছিল। ২৯:৪০

ءَأَمِنتُم مَّن فِى السَّمَآءِ أَن يَخْسِفَ بِكُمُ الْأَرْضَ فَإِذَا هِىَ تَمُورُ

তোমরা কি নিশ্চিত আছ যে, আকাশে যিনি রয়েছেন তিনি তোমাদেরকেসহ ভূমিকে ধ্বসিয়ে দিবেননা, আর ওটা আকস্মিকভাবে থর থর করে কাঁপতে থাকবে? (৬৭:১৬)

أَمْ أَمِنتُم مَّن فِى السَّمَآءِ أَن يُرْسِلَ عَلَيْكُمْ حَاصِبًا فَسَتَعْلَمُونَ كَيْفَ نَذِيرِ

অথবা তোমরা নিশ্চিত আছ যে, আকাশে যিনি রয়েছেন তিনি তোমাদের উপর কংকরবর্ষী ঝঞ্ঝা প্রেরণ করবেননা? তখন তোমরা জানতে পারবে কি রূপ ছিল আমার সতর্ক বাণী! (৬৭:১৭)

وَلَقَدْ كَذَّبَ الَّذِينَ مِن قَبْلِهِمْ فَكَيْفَ كَانَ نَكِيرِ

এবং এদের পূর্ববর্তীরাও মিথ্যা আরোপ করেছিল; ফলে কি রূপ হয়েছিল আমার শাস্তি! (৬৭:১৮)

**Click here:** https://www.youtube.com/@morningbrightness603

***The Prophet (sm) said, the hour (last day) will not be established until (religious) knowledge will be taken away (by the death of religious learned man), earthquakes will be very frequent, time will pass quickly, afflictions will appear, murders will increase and money will overflow amongst you. (Bukhari 85 vol 1)***

***The Prophet (sm) said, O Allah! Bless Our Sham and our Yemen. People said Our Najd as well. The Prophet (sm) said, O Allah! Bless our Sham and Yemen. They said again, Our Najd as well. On that the Prophet (sm) said, there will appear earthquakes and affliction, and from there will come out the side of the head of Satan. (Bukhari)***

***Abu Musa reported, The Prophet (sm) said, this Nation of mine has been granted mercy. Their punishment is not in the hereafter. Their punishment is in the world through persecution, earthquakes, and slaughter. (Abu Dawud 4278)***

***Note:* religious Scholars have interpreted that "this Nation of mine" means Companions of Prophet (sm) and the people who lead their lives as per Quran and Sunnah.**

প্রিয় ভাই ও বোনেরা,  রোগ, মহামারী, অতিমারী, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, সুনামি, টর্নেডো, ভূমিকম্প, অগ্নিউৎপাত, যুদ্ধ-বিদ্রোহ, জুলুম-অত্যাচার, শোষণ-নিপীড়ন ইত্যাদি আল্লাহর পক্ষ থেকে সতর্কবার্তা।
সুতরাং আমাদের উচিত আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করে আল্লাহ ও রাসূলের পথে ফিরে আসি। আল্লাহ আমাদের সঠিক পথ প্রদর্শন করুন।

**আমীন**

**আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ**

**Click here: [http://www.morningbrightness.fi/](http://www.morningbrightness.fi/)**

**Click here: [https://www.youtube.com/@morningbrightness603](https://www.youtube.com/@morningbrightness603)**